



## সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

তারিখ- ২৬/১১/২০২৩ খ্রি.

### প্রেস বিজ্ঞপ্তি

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়ার শিক্ষার্থীরা ২০২৩ সালের HSC পরীক্ষায় উল্লেখযোগ্য সফলতা অর্জন করেছে। মোট পরীক্ষার্থী ১৩৩৪ জনের মধ্যে পাশ করেছে ১৩৩৩ জন। পাশের হার ৯৯.৯৩%। উল্লেখ্য, অকৃতকার্য হওয়া ১ জন শিক্ষার্থী পরীক্ষা চলাকালে শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ে। মোট ১০০৮ জন পরীক্ষার্থী জিপিএ ৫.০০ অর্জন করেছে।

বিজ্ঞান শাখায় ৬৮৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৬২৯ জন জিপিএ ৫.০০ পেয়েছে। বিজ্ঞান শাখার পরীক্ষার্থীদের জিপিএ ৫.০০ প্রাপ্তির হার ৯১.৩০%। ব্যবসায় শিক্ষা শাখায় ৩১৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১২৮ জন জিপিএ ৫.০০ পেয়েছে এবং মানবিক শাখায় ৩৩০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৫১ জন জিপিএ ৫.০০ পেয়েছে।

গত ২০২২ সালের HSC পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১৩৩০ জন। মোট পাসকৃত শিক্ষার্থীর সংখ্যা ছিল ১৩২৭ জন। পাশের হার ছিল ৯৯.৭৭%।

  
অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রাপক :

.....  
.....  
.....  
.....  
.....